

📃 ইউনুস | Yunus | يُونُس

আয়াতঃ ১০:১৪

আরবি মূল আয়াত:

ثُمَّ جَعَلَنْكُم خَلَئِفَ فِي الأرضِ مِن بَعدِهِم لِنَنظُرَ كَيفَ تَعمَلُونَ ﴿١٢﴾

তারপর আমি তোমাদেরকে যমীনে তাদের পরে স্থলাভিষিক্ত করেছি, যাতে আমি দেখি তোমরা কেমন আমল কর।
— আল-বায়ান

অতঃপর তাদের পর আমি তোমাদেরকে পৃথিবীতে তাদের স্থলাভিষিক্ত করেছি এটা দেখার জন্য যে, তোমরা কীরকম 'আমাল কর। — তাইসিরুল

অতঃপর আমি তাদের স্থলে তোমাদেরকে তাদের পর ভূমন্ডলে আবাদ করলাম, যেন আমি প্রত্যক্ষ করি যে, তোমরা কি রূপ কাজ কর। — মুজিবুর রহমান

Then We made you successors in the land after them so that We may observe how you will do. — Sahih International

- ১৪. তারপর আমরা তোমাদেরকে তাদের পর যমীনে স্থলাভিষিক্ত করেছি, তোমরা কিরূপ কাজ কর তা দেখার জন্য।(১)
 - (১) অর্থাৎ অতঃপর পূর্ববর্তী জাতি-সম্প্রদায়কে ধ্বংস করার পর আমি তোমাদেরকে তাদের স্থলাভিষিক্ত বানিয়েছি। এই মর্যাদা ও সম্মান দানের পিছনে আসল উদ্দেশ্য হলো তোমাদের পরীক্ষা নেয়া। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "দুনিয়া হলো সুফলা সুমিষ্ট জিনিস, আর আল্লাহ তোমাদেরকে তাতে প্রতিনিধিত্ব করাবেন। এতে করে তিনি দেখতে চান তোমাদের আমল কেমন? সুতরাং তোমরা দুনিয়ার ব্যাপারে তাকওয়া অবলম্বন কর এবং মহিলাদের ব্যাপারেও তোমরা তাকওয়া অবলম্বন কর। কেননা বনী ইসরাঈলদের প্রথম পরীক্ষা ছিল মহিলাদের দ্বারা"। [মুসলিমঃ ২৭৪২]

তাফসীরে জাকারিয়া

- (১৪) অতঃপর আমি তাদের স্থলে তোমাদেরকে তাদের পর ভূমন্ডলে আবাদ করলাম,[1] যেন আমি প্রত্যক্ষ করি যে, তোমরা কিরূপ কাজ কর।
 - [1] خلائف, خليفة এর বহুবচন। যার অর্থ হল, পূর্ব জাতির প্রতিনিধি। অথবা এক অপরের প্রতিনিধি বা স্থলাভিষিক্ত।



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1378

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন